



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
Dinajpur Govt. College, Dinajpur  
www.dgc.edu.bd  
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

E-Mail: principal@dgc.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর: ৩৪ (ক)

তারিখ: ০৫ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: স্নাতক (পাস ও অনার্স) শ্রেণিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার ২০২৪-২৫ অর্থবছরের অনলাইন আবেদন দাখিল প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.২৪.০০০০.০০৩.৭৫.০০২.২০.৭


তারিখ: ০৪ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস ও অনার্স) শ্রেণিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদান করা হবে।

অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসারে ২০২৪-২০২৫ অর্থবছরে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/admission> এ লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ০৬/০২/২০২৫ থেকে ২৭/০২/২০২৫ তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রাদি/পদ্ধতি:

- ১। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ওয়েবসাইটের ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণ করে আবেদন করতে হবে।
- ২। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করতে হবে। এছাড়া অন্যান্য শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা অভিভাবকের বাৎসরিক আয় দুই লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ৩। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানগণ ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তির স্বপক্ষে প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
- ৪। স্নাতক (পাস ও অনার্স) শ্রেণিতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের সাথে সর্বশেষ যে শ্রেণি বা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তার (এইচএসসি/সমমান পরীক্ষার) সত্যায়িত নম্বরপত্র সংযুক্ত করতে হবে।

  
০৫/০২/২৫  
(প্রফেসর এ. কে. এম. আল আব্দুল্লাহ)  
অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর  
তারিখ: ০৫/০২/২৫

স্মারক নম্বর:

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. বিভাগীয় প্রধান সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ
৩. আহ্বায়ক, বৃত্তি ও অনুদান কমিটি (স্নাতক (পাস)/স্নাতক (সম্মান), দিনাজপুর সরকারি কলেজ
৪. অফিস নথি